

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 19-03-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Ayushman Vay Vandana Scheme :**

আয়ুষ্মান ভারত প্রকল্পের আয়ুষ্মান বয়ঃবন্দনা স্কিমের রাজ্যে এখন পর্যন্ত ৩৪ হাজার ৪৬৯ জন ৭০ বছর উর্ধ্ব প্রবীণ নাগরিক বিনামূল্যে চিকিৎসা পরিষেবা গ্রহণের জন্য নাম নথিভুক্ত করেছেন। গত বছর ৩০ অক্টোবর আয়ুর্বেদ দিবসে প্রধানমন্ত্রী এই প্রকল্পের সূচনা করেন। এই প্রকল্পে ৭০ বছর উর্ধ্ব প্রবীণ নাগরিকরা আয়ুষ্মান বয়ঃবন্দনা কার্ডের মাধ্যমে দেশের ৩৬ হাজার হাসপাতালে চিকিৎসার জন্য পাঁচ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পাবেন। যদি এক পরিবারের দুজনই ৭০ বছরের উর্ধ্ব হন তাহলেও প্রত্যেকেই চিকিৎসা জন্য পাঁচ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা পাবেন। তাছাড়া পরিবারের ৭০ অনুর্ধ্ব অন্যান্য সদস্যরাও প্রধানমন্ত্রী বা মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার সুবিধা ভোগ করতে পারবেন।

\*\*\*\*\*

**PM-Mahakumbh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, প্রয়াগরাজে অনুষ্ঠিত মহাকুম্ভ উদীয়মান ভারতের চেতনাকে প্রতিফলিত করেছে এবং সমগ্র বিশ্ব দেশের শক্তি প্রত্যক্ষ করেছে। তিনি আরও বলেন, বৈচিত্র্যের মধ্যে ঐক্য ভারতের একটি বিশেষত্ব, যা সম্প্রতি সমাপ্ত মহাকুম্ভের সময় অনুভূত হয়। মহাকুম্ভ বিষয়ে গতকাল লোকসভায় এক বিবৃতিতে শ্রী মোদী বলেন, যখন সমগ্র বিশ্ব চ্যালেঞ্জিং সময়ের মধ্য দিয়ে যাচ্ছে, তখন এই ঐক্যের বিশাল প্রদর্শনী দেশের সবচেয়ে বড় শক্তি। তিনি বৈচিত্র্যের মধ্যে ঐক্যের

এই বিশেষত্বকে সমৃদ্ধ করার প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি মহাকুম্ভ থেকে অনুপ্রেরণা নিয়ে নদী উৎসব সম্প্রসারণের প্রয়োজনীয়তার উপর জোর দেন।

\*\*\*\*\*

### **Ashwini Vaishnav :**

রেল মন্ত্রকের কার্যকারিতা নিয়ে লোকসভায় আলোচনার জবাবে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, ভারতীয় রেল গত দশ বছরে পাঁচ লক্ষ চাকরির স্ফুযোগ করে দিয়েছে এবং এক লক্ষেরও বেশি চাকরির জন্য নিয়োগ প্রক্রিয়া চলছে। তিনি বলেন, ভারতীয় রেলের আর্থিক অবস্থা সন্তোষজনক এবং সরকার এটিকে আরও উন্নত করার জন্য কাজ করে চলেছে। তিনি বলেন, ভারতের লোকোমোটিভ উৎপাদন সমগ্র মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপের মিলিত উৎপাদনের চেয়েও বেশি।

\*\*\*\*\*

### **Drinking Water :**

আগরতলা পুর নিগম এলাকায় পরিষ্কৃত পানীয় জল সরবরাহের লক্ষ্যে পুর নিগম জল বোর্ড ও স্মার্ট সিটি যৌথভাবে ৩৬টি প্রকল্প গ্রহণ করেছে। পুর নিগমের মেয়র দীপক মজুমদার এখবর জানিয়েছেন। তিনি জানান, এই প্রকল্পগুলির জন্য ১৭ কোটি টাকা ব্যয় করা হবে।

\*\*\*\*\*

### **Manipur :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মালা সীতারমন বলেছেন, সরকার মণিপুরে স্বাভাবিকতা এবং সমৃদ্ধি আনতে প্রতিশ্রুতিবদ্ধ। মণিপুরের প্রতি সরকারের যথেষ্ট সংবেদনশীলতা এবং যত্ন রয়েছে। তিনি বলেন, সকলেই চায় রাজ্যটি অন্যান্য রাজ্যের মতোই উন্নত হোক। গতকাল রাজ্যসভায় মণিপুর সংক্রান্ত কিছু বিলের

উপর वितर्केर जबावे श्रीमती सीतारमन এই কথা বলেন। তিনি বলেন, বেশিরভাগ রাজ্যের একটি আকস্মিক তহবিল রয়েছে যা তাদের জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করে। কিন্তু মণিপূরে কখনও কোনও আকস্মিক তহবিল ছিল না এবং এর জন্য সরকার ৫০০ কোটি টাকা বরাদ্দ করেছে।

\*\*\*\*\*

### **BSF-Sonamura :**

বি এস এফ- এর উদ্যোগে একটি সিভিক অ্যাকশন কর্মসূচী গতকাল সোনামুড়া মহকুমার নির্ভয়পুর বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাহিনীর সেকেন্ড ইন কমান্ড রাজেশ লাঙে, কোম্পানি কমান্ডেন্ট নবজোৎ সিং, গ্রামপ্রধান বিপুল মজুমদার প্রমুখ। এই সামাজিক কর্মসূচির অঙ্গ হিসেবে দিব্যাঙ্গজনদের জন্য ট্রাইসাইকেল, যুবকদের জন্য খেলার সামগ্রী, স্থানীয় কৃষকদের মধ্যে কৃষি সরঞ্জাম, মহিলাদের মধ্যে সেলাই মেশিন সহ নানা সামগ্রী প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Minister Bikash Debbarma :**

উপজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, শিক্ষার মান উন্নয়নের জন্য বর্তমান রাজ্য সরকার বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সাহায্য করে চলেছে। গতকাল হেজামারা ব্লকের অন্তর্গত সুরেন্দ্র নগর গার্লস এবং বয়েজ হোস্টেল পরিদর্শনে গিয়ে এই কথা বলেন তিনি। তিনি আরো বলেন, শিক্ষার মান উন্নয়নের জন্য স্কুল বা হোস্টেল গুলিতে উপযুক্ত পরিবেশ তৈরি করে একান্ত প্রয়োজন। তবেই ছাত্র-ছাত্রীরা বড় হয়ে সামাজিক দ্বায়ভার সামলাতে সক্ষম হবে।

\*\*\*\*\*

## Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২০তম পর্বা প্রধানমন্ত্রী জনগনকে তাদের স্মৃতিস্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

\*\*\*\*\*

## Weather :

আজকের আকাশ আংশিক মেঘলা থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রী সেলসিয়াস। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয় ২৪ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*